দৈনিক ইত্তেফাক

তারিখ 27 AUG 1987 ... ...
পৃষ্ঠা ... ... 3 কলাম ... 6

36

## সেপ্টেম্বরের তৃতীয় সপ্তাহে ভার্সিটির স্থগিত পরীক্ষা

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্থগিত সকল পরীক্ষা আগামী মাসের তৃতীয় সপ্তাহে শুরু করার ব্যাপারে কর্তৃপক্ষ সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে। গত মঙ্গলবার একাডেমিক কাউন্সিলের এক সভায় পরীক্ষাগ্রহণের ব্যাপারে সুস্পষ্ট অভিমত প্রকাশ করা হয়। জানা যায়, দুই একদিনের মধ্যে সকল বিভাগীয় অফিসে এ ব্যাপারে বিজ্ঞপ্তি টাঙ্গানো হইবে। তবে বিশ্ববিদ্যালয় খোলার ব্যাপারে কোন সিদ্ধান্ত গৃহীত হয় নাই।